গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
মানিকগঞ্জ।
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
email: manikganj@cs.dghs.gov.bd

স্মারক নং সিএস/মানিক/প্রশা/৩য়-৪র্থ শ্রেণী জনবল নিয়োগ/২০২৪/512 তারিখঃ ২৮/০৩/২০২৪ইং

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং ৪৫.০৩৭.০১১.০১.০০.০১৮.২০১৩-২৪, তারিখঃ ০৩/০১/২০২৪ ইং ও স্মারক নং ৪৫০০.০০০০.১৪০.১১.০০৩.২৩-৪২৬, তারিখঃ ১৫/০২/২০২৪ ইং মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জন কার্যালয়, মানিকগঞ্জ ও তার নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব (স্থায়ী ও অস্থায়ী) খাতের অন্তর্ভূক্ত শূন্য পদ সমূহে অস্থায়ী ভিত্তিতে ১১-২০ গ্রেড (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী) জনবল নিয়োগের লক্ষ্যে মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে http://csmanikganj.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইন দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য নয়।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর | ০৩(তিন)টি | গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/-) | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমান।<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude test এ উত্তীর্ণ হতে হবে | শুধুমাত্র মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | পরিসংখ্যানবিদ | ০৩(তিন)টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ গণিত/ অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩(তিন)টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে এমএসওয়ার্ড,এক্সেল,পাওয়ার পয়েন্ট,ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) টাইপিং এ প্রতি মিনিট বাংলায় অন্যূন ২০ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ২০ শব্দের গতি থাকতে হবে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪ | স্টোর কিপার | ০৫(পাঁচ)টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>খ) স্টোর কিপার পদে নির্বাচিত হলে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ০৫ | স্বাস্থ্য সহকারী | ৪৭(সাতচল্লিশ) টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড  হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৬ | কোল্ড চেইন টেকনিশিয়ান | ০১(এক)টি | গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৭ | ড্রাইভার | ০৩(তিন)টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) হালকা/ভারী গাড়ী চালনার হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ০৮ | ল্যাব. এটেনডেন্ট | ০১(এক)টি | গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |


শর্তাবলীঃ

| | |
|---|---|
| ১ | প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে। |
| ২ | বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী ব্যতীত সকল প্রার্থীর বয়স ০২/০৪/২০২৪ইং তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। উল্লেখ্য বয়স প্রমানের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। |
| ৩ | সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ৪ | একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। |
| ৫ | স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা এর স্মারক নং স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫, তারিখঃ ০৮/১০/২০১৮ইং তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে আবেদন করেছেন তাদের আর পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গ্রহণযোগ্য হবে।তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং যোগ্য  প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে। |
| ৬ | লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য হবে। |
| ৭ | আবেদনকারীকে তার সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। |
| ৮ | সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণ সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ(এনওসি) এর মূল কপি জমা দিতে হবে। |
| ৯ | নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিফলিত হবে। |

| | | |
|---|---|---|
| ১০ | স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন)বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে শূন্যপদের বিপরীতে যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে। | |
| ১১ | প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent address) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয় সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয় পত্র (এনআইডি) ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওর্য়াড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে। | |
| ১২ | স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড,ইউনিয়ন,উপজেলা ভিত্তিক)সিভিল সার্জন কার্যালয় ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পণা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে। | |
| ১৩ | প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভূল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | |
| ১৪ | কোন প্রার্থী বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। | |
| ১৫ | অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলীঃ | |
| | (ক) | পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://csmanikganj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময় সীমা নিম্নরূপঃ |
| | | (i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০২/০৪/২০২৪ইং সকাল ১০.০০ ঘটিকা |
| | | (ii) Online এ আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২২/০৪/২০২৪ ইং বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষা ফি জমা দিতে পারবেন। |
| | (খ) | Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০*প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০*প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধিরিত স্থানে Upload করবেন । ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। |
| | (গ) | Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। |
| | (ঘ) | প্রার্থী Online এ পূরণকৃত আবেদপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। |

| | | |
|---|---|---|
| | (ঙ) | SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন । যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি USER ID নম্বর দেয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) কপি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ গ্রেড ১৩-১৬ পর্যন্ত পদের জন্য ২০০/- ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকা (অফেরতযোগ্য) সহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং গ্রেড ১৭ হতে গ্রেড ২০ পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকা (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। |
| | | **প্রথম SMS: CSMANIKGANJ**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।<br>Example: CSMANIKGANJ ABCDEF & Send to 16222<br>Reply: Applicant's Name, Tk. ..... Will be charged as application fee. Your PIN is 12345678 To Pay fee Type CSMANIKGANJ<space> yes <space> PIN and send to 16222 |
| | | **দ্বিতীয় SMS: CSMANIKGANJ**<space>**yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে\|<br>Example: CSMANIKGANJ YES 12345678<br>Reply: Congratulation Applicant's Name, Payment completed successfully for CSMANIKGANJ Application for (Post name) User ID is (ABCD) and Password (XXXXX). |
| | (চ) | প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csmanikganj.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানান হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া, এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। |
| | (ছ) | SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর,পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন।প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। |
| | (জ) | শুধু মাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।<br>**(i)** **User ID জানা থাকলেঃ**<br>**CSMANIKGANJ**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222<br>Example: csmanikganj Help User ABCDEF |
| | | **(ii)** **PIN Number জানা থাকলেঃ**<br>**CSMANIKGANJ**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & send to 16222<br>Example: csmanikganj Help PIN **12345678** |
| | (ঝ) | বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সিভিল সার্জন, মানিকগঞ্জ এর ওয়েবসাইটে www.cs.manikganj.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল http://csmanikganj.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ সময় ও অন্যান্য তথ্য www.cs.manikganj.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। |

| | | |
|---|---|---|
| | (ঞ) | অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা manikganj@cs.dghs.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ Organization Name: CSMANIKGANJ. Post Name..... Applicant's User ID & Contact Numberঅবশ্যই উল্লেখ করতে হবে। |
| | (ট) | ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতরণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন সময়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে। |
| ১৬ | | প্রাথমিক ভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদা ভাবে উত্তীর্ণ হতে হবে। কেবল মাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রাথীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলক ভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী ১ম শ্রেনীর অফিসার (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে। |
| | ক) | সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ/প্রত্যয়ন পত্র/অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি। |
| | খ) | প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের অভিজ্ঞতা সনদপত্র। |
| | গ) | চাকুরির আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা,নিজ জেলা ও জাতীয়তা, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যূকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ জাতীয়তা ইত্যাদি সনদপত্র। |
| | ঘ) | ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। |
| | ঙ) | কোটা সংক্রান্ত বিষয়ে সরকারের সর্বশেষ বিধিবিধান অনুসরণ পূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে। বিশেষ কোটা নির্ধারণ এর ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধান অনুসারে কোটার স্বপক্ষে কাগজপত্র আবেদন এর সাথে জমা দিতে হবে। আবেদনের সময় কোটা উল্লেখ না থাকলে পরবর্তীতে বিবেচনা করা হবে না। |
| | চ) | বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক। |
| | ট) | Download কৃত Applicant's Copy এবং Admit card এর সত্যায়িত কপি। |
| ১৭ | | প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না। |
| ১৮ | | সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জন এর স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেষ্ট করা হবে। ডোপটেষ্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে। |
| ১৯ | | যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে। |
| ২০ | | অনলাইন এ আবেদন ও পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। |
| ২১ | | কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |



**(ডাঃ মোয়াজ্জেম আলী খান চৌধুরী)**
কোড নং ১১৩৯২১
সিভিল সার্জন, মানিকগঞ্জ
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণী নিয়োগ কমিটি।

সিভিল সার্জন, মানিকগঞ্জ এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

সিভিল সার্জন, মানিকগঞ্জ এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

স্মারক নং সিএস/মানিক/প্রশা/নিয়োগ/২০২৪/512(৩) তারিখঃ28/03/2024ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।

২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ঢাকা বিভাগ, ঢাকা।

৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।

সিভিল সার্জন, মানিকগঞ্জ
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণী নিয়োগ কমিটি।